গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ২০ এপ্রিল, ২০২০
৭ই বৈশাখ, ১৪২৭
২৫শে শাবান, ১৪৪১

স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা এর পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। ব্রিফিং-এ আরও উপস্থিত ছিলেন ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ শহীদউল্লাহ – পরিচালক (ভান্ডার ও সরবরাহ), সিএমএসডি।

ব্রিফিং-এ ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ শহীদউল্লাহ জানান যে সিএমএসডি তার কারিগরি কমিটি দ্বারা পরীক্ষাকৃত ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীসমূহ (পিপিই) ও অন্যান্য উপকরণ নিয়মিতভাবে দেশজুড়ে বিতরণ করে যাচ্ছে। তিনি জানান যে, বিতরণকৃত পিপিইসমূহের মধ্যে প্রায় ৭০ ভাগই বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের নীতিমালা মেনে দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান দ্বারা প্রস্তুতকৃত, বাকি ৩০ ভাগ আমদানী নীতিমালা অনুসরণ করে চীন থেকে আমদানিকৃত। এসকল পিপিই দেশের সকল পর্যায়ে কোভিড-১৯ চিকিৎসার সাথে সম্পৃক্ত হাসপাতালসহ অন্যান্য হাসপাতাল, কোভিড-১৯ পরীক্ষার জন্য ল্যাব ও মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্যকর্মীদের মাঝে বিতরণ করা হচ্ছে। তিনি আরো জানান যে বিশ্বজুড়েই এন-৯৫ মাস্কের অপ্রতুলতা রয়েছে এবং আমাদের দেশে বর্তমানে প্রায় লক্ষাধিক এন-৯৫ মাস্কের সমমানের মাস্ক মজুত রয়েছে। যথাযথ কমিটি দ্বারা অনুমোদনের মাধ্যমে এসকল মাস্ক ক্রয় করা হয়ে থাকে। তিনি জানান যে, সিএমএসডি ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মূল্যে সকল সামগ্রী ক্রয় করে থাকে এবং এর ব্যত্যয় হবার কোন অবকাশ নেই। তিনি কিছু সংস্থা কর্তৃক বিভিন্ন হাসপাতালে অনুদান হিসেবে প্রদেয় পিপিই সামগ্রী বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রনীত মানের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বলে জানান। তিনি মাস্কসহ পিপিই সামগ্রীর ব্যাপারে মিথ্যা ও বানোয়াট তথ্য পরিবেশন থেকে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি এ ব্যাপারে কারো কোন তথ্য / অভিযোগ থাকলে সরাসরি সিএমএসডি-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন।

ডাঃ নাসিমা সুলতানা দেশের কোভিড-১৯ পরিস্থিতি বর্ণনাসহ এসংক্রান্ত অন্য সকল তথ্য উপস্থাপন করেন। তিনি কোভিড-১৯ এ আক্রান্ত রোগী ও মৃত ব্যক্তিদের বয়স, লিঙ্গ ও অঞ্চল ভিত্তিক বিশ্লেষণ উপস্থাপন করেন। তিনি জানান, গত ২৪ ঘন্টায় মৃতদের মধ্যে পুরুষ ৮ জন ও মহিলা ২ জন, এর মধ্যে ঢাকার ৫ জন, বাকি ৪ জন নারায়ণগঞ্জের ও ১ জন নরসিংদীর বাসিন্দা। গত ২৪ ঘন্টায় আক্রান্তদের মধ্যে প্রায় ১৯.৫% গাজীপুরের, ১৩.৫% কিশোরগঞ্জের ও ৬% নরসিংদীর বলে জানান। তিনি ঘরে থাকা ও সামাজিক দূরত্ব মেনে চলা, বারবার হাত ধোয়ার উপর গুরুত্ব আরোপ করেন ও সকলকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলার আহ্বান জানান।

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু		এপর্যন্ত সুস্থ	চিকিৎসাধীন
গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	৮৫	২,৭৬২
২,৭৭৯	২৬,৬০৪	৪৯২	২,৯৪৮	১০	১০১		

প্রতিষ্ঠানভিত্তিক নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

প্রতিষ্ঠান		কোভিড-১৯ পরীক্ষা		
		নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা)	পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা)	সর্বমোট
ঢাকায়	১) আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি	৬৬	৬৬	৭৬৪
	২) বিএসএমএমইউ	২৮০	২৮০	১,৪৭৮
	৩) চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন ও ঢাকা শিশু হাসপাতাল	৩০২	১৬২	১,৬৯২
	৪) ঢাকা মেডিকেল কলেজ	১৫৬	১৫৬	৮৫৩
	৫) আইসিডিডিআরবি	১৮৫	১৮৫	১,৪৩৯
	৬) আইদেশী	৫১	৫১	১,০৮১
	৭) এনপিএমএল - আইপিএইচ	১৯৪	১৯৪	২,১০২
	৮) আইইডিসিআর	৩৯২	৩৯২	৬,৪৮২
	৯) ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার	৪২৮	৪২৮	২,৬৮১
	১০) মুগদা মেডিকেল কলেজ	১৮	১৮	৯৩
ঢাকার ভিতরে মোট		২,০৭২	১,৯৩২	১৮,৬৬৫
ঢাকার বাইরে	১১) বিআইটিআইডি	১১৩	১১৩	১,৪৫১
	১২) কক্সবাজার মেডিকেল কলেজ	৬৩	৬৩	৪০৬
	১৩) ময়মনসিংহ মেডিকেল কলেজ	৭০	৭০	১,৬৯৮
	১৪) রাজশাহী মেডিকেল কলেজ	৯৪	৯৪	৯২৩
	১৫) রংপুর মেডিকেল কলেজ	১৮৮	১৮৮	১,৩৮৮
	১৬)সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ	১২৫	২৭	৮৯৪
	১৭) খুলনা মেডিকেল কলেজ	২০১	২০১	৮০৭
	১৮)শের-এ-বাংলা মেডিকেল কলেজ	৪৩	৪৩	২৬৬
	১৯) যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	৪৮	৪৮	১০৬
ঢাকার বাইরে মোট		৯৪৫	৮৪৭	৭,৯৩৯
সর্বমোট		৩,০১৭	২,৭৭৯	২৬,৬০৪

লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (২০-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	১৪,৬৭,০৪০	১০৯৩,১১৯	৩,৭৩,৯২১

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

স্থান	গত ২৪ ঘন্টায় (১৯ এপ্রিল সকাল ৮:০০ থেকে ২০ এপ্রিল সকাল ৮:০০)		এপর্যন্ত		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	৩০,৮০৯	১,৭৫৭	১,৪৯,৬২৬	৭৩,৮৭৯	৭৫,৭৪৭
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	২৭০	৮৮	৫,৫৮৮	৯৩৩	৪,৬৫৫
সর্বমোট	৩১,০৭৯	১,৮৪৫	১,৫৫,২১৪	৭৪,৮১২	৮০,৪০২

- **সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তুত করা হয়েছে - ৫০৭ টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে - ২৭,৬৪৫ জনকে।**

প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর)

গত ২৪ ঘন্টায় আইসোলেশন (১৯ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ২০ এপ্রিল দুপুর ১২:০০)	বর্তমানে আইসোলেশনে রয়েছেন
৫৭	৭১৩

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

হটলাইন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৫৭,০২২	২১,০৫,১৯৬
৩৩৩	৩৩,৫৭৭	৬,৬৩,৫৯৫
আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২)	২,৭৬০	১,৪৪,৯১৬
মোট ফোন কলের সংখ্যা	**৯৩,৩৫৯**	**২৯,১৩,৭০৭**

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (২০-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৩,৯৬৬।

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	১৮	৩,২২,৯৮০
স্থলবন্দর সমূহ	৯২	৩,২৭,৫৮০
সমুদ্রবন্দর সমূহ	২১১	১৪,৩০২
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	৩২১	৬,৭১,৮৯১

স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ
এ পর্যন্ত ২৩টি গাইডলাইন এবং ১১টি জনসচেতনতামুলক উপকরণ (IEC / BCC) প্রস্তুত করা হয়েছে।
গাইডলাইনসমূহ পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 90, April 19)

	গত ২৪ ঘন্টা		এপর্যন্ত সর্বমোট	
	সনাক্ত	মৃত্যু	সনাক্ত	মৃত্যু
দক্ষিণ-পূর্ব এশিয়া	**২,০২৮**	**৫১**	**২৭,৩১৯**	**১,১৮৫**
সারা বিশ্ব	**৮১,১৫৩**	**৬,৪৬৩**	**২২,৪১,৩৫৯**	**১,৫২,৫৫১**

20/04/2020

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর